

এবার কম্পিউটার গেমসে হাতিরঝিল

24 Feb 2014 12:28:58 PM Monday

সাইফুল ইসলাম
রাইজিংবিডি.কম



ডেস্ক রিপোর্ট

ঢাকা, ২৪ ফেব্রুয়ারি : রাজধানীর নয়নাভিরা এলাকা হিসেবে ইতিমধ্যে বেশ জনপ্রিয়তা পেয়েছে হাতিরঝিল। শুধু যাতায়াত নয়, বিনোদনের জায়গা হিসেবে তৈরি করা হয়েছে এলাকাটি। এবার হাতিরঝিল নিয়ে তৈরি হচ্ছে কম্পিউটার গেমস।

একদল তরুণ একরাশ স্বপ্ন নিয়ে নিরন্তর কাজ করে যাচ্ছে নতুন করে বাংলাদেশের কম্পিউটার ভিডিও গেমসের ইতিহাস লেখার জন্য। তারাই নির্মাণ করে চলেছে হাতিরঝিল নামের বিশাল এক কম্পিউটার গেমস সিরিজ, যার প্রথম গেমস হাতিরঝিল ড্রিমস বিগেনস এখন শুধু উদ্বোধনের অপেক্ষায়।

কম্পিউটার গেমস

মাটিতে, আকাশে ও পানিতে তেমনি হাতিরঝিলও নির্মিত হয়েছে এই তিন উপকরণকে মাথায় রেখে, তথ্যপ্রযুক্তির এই যুগে নতুন মাত্রা হিসেবে যোগ হয়েছে স্বপ্ন যার মূল চালকের আসনে বসে আছে। বিনোদন, রোমাঞ্চকর, ভায়োলেন্স- এই তিনই থাকে কম্পিউটার গেমসের উপজীব্য।

কম্পিউটার গেমস যে এক গবেষণার ফসল, যাতে গল্প আর কৌশলকে মাধ্যম করে বিনোদন দেওয়া যায় তাই প্রমাণ করেছে ম্যাসিভ স্টার স্টেডিও লিমিটেডের তরুণ গেমস নির্মাতা দল। আর এর পৃষ্ঠপোষকতা করেছে বাংলাদেশের বহু খ্যাতিসম্পন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠানসমূহ।

গেমস নির্মাতা দলের প্রধান গবেষক এবং ম্যাসিভ স্টার স্টেডিও লিমিটেডের সিইও এস এম মাহাবুব আলম বলেন, ‘সারা বাংলাদেশের ৪০০ স্কুল এবং কলেজের ৮০ হাজার ছাত্র-ছাত্রী গেমস নির্মাণের কলা-কৌশল হাতেখড়ি পাবে। তারাই রচনা করবে আগামীর জন্য নতুন ইতিহাস, আর একই সঙ্গে গড়বে নিজেদের ক্যারিয়ার। মোট ৩১ পর্বের গেমসে থাকবে এক বিশাল বাস্তব আর স্বপ্নের জগৎ, যা আমাদের মনে করিয়ে দেবে আমাদের আগামী দিনের স্বপ্ন আর সম্ভাবনার কথা।’

রাইজিংবিডি/ সাইফুল ইসলাম/ দিলারা

হাতিরঝিল পুরো গেমসের ডিজাইন করা হয়েছে স্বপ্ন আর বাস্তবতার মিশ্রণে। সভ্যতার বিকাশে আজ যেমন মানুষের দুর্দমনীয় গতি